দৈনিক বাংলা

তারিখঃ ২৬।৬।৮৩
পৃষ্ঠা……………

# কৃষি বিজ্ঞান কলেজ নির্মাণে জাপানী অনুদান

একটি কৃষি বিজ্ঞান কলেজ ও জাতীয় বেতার ভবন প্রতিষ্ঠার জন্য জাপান বাংলাদেশকে মঞ্জুরী বাবত তিনশ ৪৪ কোটি ইয়েন (প্রায় ২৬ কোটি টাকা) দেবে।

সোমবার ঢাকায় এ ব্যাপারে দু'টি পৃথক নোট বিনিময় হয়েছে। এতে স্বাক্ষর করেন অর্থ মন্ত্রণালয়ের বহিঃসম্পদ ডিভিশনের সচিব জনাব এম এ মুহিত ও জাপানের রাষ্ট্রদূত হিরোশিকো ওটস্কা। খবর বাসসের।

এই মঞ্জুরীর মধ্যে দু'শ কোটি ইয়েন (১৫ কোটি ২৬ লাখ টাকা) জয়দেবপুরে কৃষি বিজ্ঞান কলেজ

## অনুদান

(১ম পৃঃ পর)

প্রতিষ্ঠার জন্য দেয়া হচ্ছে। বিজ্ঞান কলেজটি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আওতায় ব্যবহৃত হবে। বাকি ১৪৪ কোটি ইয়েন (প্রায় ১১ কোটি টাকা) শেরে বাংলানগরে জাতীয় বেতার ভবন প্রতিষ্ঠার জন্য দেয়া হচ্ছে। বেতার ভবন রেডিও বাংলাদেশের আওতায় ব্যবহৃত হবে।